সমকাল

তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ৫ কলাম ৩

# সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ

■ সমকাল প্রতিবেদক

স্কুল ও কলেজ শিক্ষার্থীদের মধ্যে সারাদেশে শুরু হওয়া 'সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৭' এর জাতীয় প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়েছে। মঙ্গলবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় তিনি বলেন, শিক্ষাকে একটি সৃজনশীল ধারায় নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। এজন্য শিক্ষকদের পাঠদানের কৌশল, শ্রেণিকক্ষের পরিবেশ বদলাতে হবে। শিক্ষার লক্ষ্য হচ্ছে পড়ার আগ্রহ ও মেধা বিকাশের সুযোগ তৈরি করা। শুধু পাঠ্যবইয়ের শিক্ষায় সীমাবদ্ধ না রেখে নিজেকে পরিপূর্ণ বিকাশের সুযোগ নিতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে কারিগরি ও মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান এবং অতিরিক্ত সচিব মো. মহিউদ্দিন খান ও চৌধুরী মুফাদ আহমদ্ বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৭ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কারের অর্থ ও সার্টিফিকেট বিতরণ করেন। ১২ জন সেরা মেধাবীকে এক লাখ করে এবং অন্য ৯৬ জন প্রতিযোগীকে ৫ হাজার টাকা করে দেওয়া হয়। তিনটি গ্রুপে ১২ জন সেরা মেধাবী বিদেশে ৫ দিনের শিক্ষা সফরের সুযোগ পাবে।

দেশের আটটি বিভাগ ও ঢাকা মহানগরী থেকে মোট ১০৮ জন প্রতিযোগী জাতীয় পর্যায়ে অংশ নেয়। ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ৩টি গ্রুপে মোট ৪টি বিষয়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ৪টি বিষয় হলো– ভাষা ও সাহিত্য, দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান, গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ।